

# যুগান্তর

প্রিন্ট: ২৯ জুলাই ২০২৫, ০৪:২৭ পিএম

## শিক্ষার্থী

# দ্বাদশ শিক্ষার্থীদের বোর্ড-বিষয় পরিবর্তনে অনলাইন আবেদনের তারিখ ঘোষণা



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৮ জুলাই ২০২৫, ০৬:২৬ পিএম



ফাইল ছবি

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন কলেজগুলোতে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য সংশোধন ও ভর্তি সংক্রান্ত কয়েকটি গুরুত্বপূর্ণ অনলাইন কার্যক্রমের সময়সূচি প্রকাশ করা হয়েছে।

এর আওতায় ২০২৪-২৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা টিসি, বোর্ড পরিবর্তন, বিষয় বা গ্রন্তি পরিবর্তন, শিফট, ভার্সন ও ছবি সংশোধন এবং ভর্তি বাতিলের সুযোগ পাবে।

এসব কার্যক্রমের অনলাইনে আবেদন শুরু হবে আগামী ১ আগস্ট থেকে। যা চলবে ৩১ অক্টোবর পর্যন্ত।

বোর্ডের প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, শিক্ষার্থীরা বিষয় পরিবর্তন, বিভাগ (গ্রন্তি) পরিবর্তন, শিফট, ভার্সন ও ছবি সংশোধনের আবেদন করতে পারবে অনলাইনে। এ ছাড়া অনলাইন টিসি (ই-টিসি), বোর্ড পরিবর্তন (বিটিসি) এবং ভর্তি বাতিলের আবেদনও এ সময়ের মধ্যে গ্রহণ করা হবে।

শিক্ষা বোর্ড জানিয়েছে, এসব কার্যক্রমের জন্য শিক্ষার্থীদের সরাসরি বোর্ডে যোগাযোগ করার প্রয়োজন নেই। কলেজ কর্তৃপক্ষই শিক্ষার্থীদের পক্ষ থেকে নির্ধারিত ওয়েবসাইটে আবেদন দাখিল করবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, প্রতি বিষয়ে পরিবর্তনের ফি ২০০ টাকা, বিভাগ বা গ্রন্তি পরিবর্তনের জন্য ৮০০ টাকা, ইটিসি বা বোর্ড পরিবর্তনে ৯০০ টাকা এবং ভর্তি বাতিলের জন্য ৬০০ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে শিফট, ভার্সন এবং ছবির সংশোধনের জন্য কোনো ফি লাগবে না। একইভাবে চতুর্থ বিষয় বাতিলেও আলাদা কোনো খরচ নেই বলেও জানানো হয়েছে।

